আমরা আগামীদিনেও বিশ্ববিদ্যালয়ে উন্নয়নের এ ধারাবাহিকতা অব্যাহত রাখতে চাই। ইতোমধ্যেই ১৫০ একর জমির উপর দেশরত্ন শেখ হাসিনা সমুদ্রবিজ্ঞান ও সামুদ্রিকসম্পদ ব্যবস্থাপনা ইনস্টিটিউট গড়ে তোলার উদ্যোগ নেয়া হয়েছে, যেখানে ডেল্টা ফরমেশন, গভীর সমুদ্র, সমুদ্রসম্পদ, স্পেস রিসার্চ, ইকো ট্যুরিজম, ম্যানগ্রোভ বনসহ বিভিন্ন বিষয়ে আন্তর্জাতিক মানসম্পন্ন গবেষণা কার্যক্রম পরিচালনা সম্ভব হবে। পাশাপাশি পর্যাপ্ত একাডেমিক স্পেস সৃষ্টি করতে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের তৃতীয় একাডেমিক ও কেন্দ্রীয় গবেষণাগার ভবন (১০ তলা ভিতে ১০ তলা) নির্মাণকাজের অবশিষ্ট কাজ সমাপ্তকরণ শীর্ষক প্রকল্প ও নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে নিরাপদ বিদ্যুৎ সরবরাহ ও অগ্নি নিরাপত্তা নিশ্চিতকরণ এবং অবকাঠামো উন্নয়ন শীর্ষক প্রকল্প বাস্তবায়নে আমরা বদ্ধপরিকর। এছাড়া আইসিটি মন্ত্রণালয়ের অর্থায়নে নোবিপ্রবি ক্যাম্পাসে তৈরি হতে যাচ্ছে বিজনেস ইনকিউবেটর সমৃদ্ধ পূর্ণাঙ্গ হাই-টেক পার্ক। চলতি ২০২৩-২৪ অর্থবছরে প্রত্যেকটি বিভাগে ডিজিটাল ক্লাসরুম বাস্তবায়ন; ফার্মেসী বিভাগে অ্যানিমেল হাউজ নির্মাণ; ডি-নথি কার্যক্রম চালুকরণ; পরীক্ষা

নিয়ন্ত্রক দফতর, শিক্ষা শাখা, কেন্দ্রীয় স্টোর শাখার সব কার্যক্রম সফটওয়্যারের অন্তর্ভুক্তকরণ, খেলার মাঠের উন্নয়ন, জেনারেটর হাউজ নির্মাণ, সাবস্টেশন ভবন নির্মাণ, ক্যাম্পাসে ড্রেনেজ সিস্টেম উন্নয়ন, বিভিন্ন ভবনে মেরামত ও উন্নয়নকাজ, কেন্দ্রীয় ওয়ার্কশপ ও গ্যারেজ নির্মাণসহ বেশকিছু গুণগত পরিকল্পনা বাস্তবায়নে কাজ করছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

উল্লেখ্য, নোবিপ্রবির উচ্চশিক্ষার মান বৃদ্ধির স্বীকৃতি মিলছে বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক র‍্যাংকিংয়েও। বৈশ্বিকভাবে স্বীকৃত সিমাগো ইনস্টিটিউশনস র‍্যাংকিং ২০২৩-এ দেশের পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে নোবিপ্রবি ১৯তম অবস্থান অর্জন করেছে। একইভাবে ওয়েবমেট্রিক্সের জরিপে ২০২৩ সালে দেশের বিজ্ঞান ও প্রযুক্তিবিষয়ক বিশেষায়িত বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে নোবিপ্রবি দ্বিতীয় স্থান অর্জন করেছে। এছাড়া অ্যালপার ডগার (এডি) সায়েন্টিফিক ইনডেক্স র‍্যাংকিং-২০২৩ এ বিশ্বসেরা গবেষকদের তালিকায় স্থান পেয়েছেন নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ১২৯ জন গবেষক যা এর আগের বছর ছিল ৭২ জন।

বিশ্ববিদ্যালয়ের প্রতিটি অনুষদ, বিভাগ, ইনস্টিটিউট, সেল, আবাসিক হল ও দফতরের উচ্চশিক্ষা, গবেষণা এবং প্রশাসনিক কার্যক্রমের সংক্ষিপ্ত তথ্য সংকলন হিসেবে প্রতি শিক্ষাবর্ষে বার্ষিক প্রতিবেদন প্রকাশের আইনি বাধ্যবাধকতা রয়েছে। যদিও করোনাভাইরাসের প্রাদুর্ভাব ও জনবল সংকটসহ আরো কিছু সীমাবদ্ধতার কারণে গত কয়েকটি শিক্ষাবর্ষে বার্ষিক প্রতিবেদন প্রকাশ সম্ভব হয়নি। এমতাবস্থায় এবারের বার্ষিক প্রতিবেদনে ২০১৮ সালের জুলাই থেকে ২০২৩ সালের জুন পর্যন্ত সময়ে পরিচালিত বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রমের তথ্য তুলে ধরা হয়েছে। আগামী শিক্ষাবর্ষ থেকে নিয়মিত বার্ষিক প্রতিবেদন প্রকাশ হবে বলে আশাবাদ ব্যক্ত করছি। বার্ষিক প্রতিবেদন প্রকাশের সঙ্গে সংশ্লিষ্ট সবাইকে আমি আন্তরিক শুভেচ্ছা ও ধন্যবাদ জানাই।

২০০৮ সালে বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনা ২০২১ সালে স্বাধীনতার ৫০ বছরে 'ডিজিটাল বাংলাদেশ' গড়ে তোলার ঘোষণা দেন। ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের সেই প্রেরণাদায়ী অঙ্গীকার তিনি পুঙ্খানুপুঙ্খভাবে বাস্তবে রূপ দিয়েছেন। প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে আইসিটি উপদেষ্টা সজীব ওয়াজেদ জয়ের তত্ত্বাবধান ও নির্দেশনায় কানেকটিভিটি, দক্ষ মানবসম্পদ উন্নয়ন, ই-গভর্নমেন্ট এবং আইসিটি ইন্ডাস্ট্রি প্রমোশন–এ চারটি সুনির্দিষ্ট প্রধান স্তম্ভ নির্ধারণ করে ডিজিটাল বাংলাদেশের বাস্তবায়ন হয়েছে। এ রূপকল্প বাস্তবায়নের মাধ্যমে আধুনিক তথ্যপ্রযুক্তির প্রসারে বাংলাদেশ বিপ্লব সাধন করেছে। তথ্যপ্রযুক্তির উন্নয়নের ক্ষেত্রে শিক্ষাব্যবস্থার যেমন অবদান রয়েছে, একইভাবে শিক্ষার মানোন্নয়নে ইতিবাচক ভূমিকা রাখছে তথ্যপ্রযুক্তির উন্নয়ন। মাননীয় প্রধানমন্ত্রী অনুধাবন করেছেন, দক্ষ জনগোষ্ঠী গড়ে তোলা ও উন্নয়নকে টেকসই করার ক্ষেত্রে শিক্ষা ও তথ্যপ্রযুক্তির প্রসারে বেশি জোর দিতে হবে। এ বিবেচনায় তিনি শিক্ষাব্যবস্থায় অভূতপূর্ব প্রসার ঘটান। গবেষণা ও উদ্ভাবনের পরিধি বাড়াতে অনেক বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করেছেন। সরকারি খাতের পাশাপাশি বেসরকারি খাতের শিক্ষাব্যবস্থায়ও সমানতালে প্রসার ঘটিয়েছেন। বিশ্ববিদ্যালয়ের অনুমোদন দেয়ার ক্ষেত্রে বিজ্ঞান ও প্রযুক্তি শিক্ষাকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়েছেন। এসব উদ্যোগের ফলে শিক্ষাব্যবস্থা হয়েছে অন্তর্ভুক্তিমূলক ও মানসম্মত।

সম্প্রতি মাননীয় প্রধানমন্ত্রী 'স্মার্ট বাংলাদেশ' বিনির্মাণের ঘোষণা দিয়েছেন। ২০৪১ সালের মধ্যে 'স্মার্ট বাংলাদেশ' বিনির্মাণের লক্ষ্যে যেসব লক্ষ্য নির্ধারণ করা হয়েছে, তা অর্জন হলে সমান্তরালভাবে চতুর্থ শিল্পবিপ্লব মোকাবিলায় প্রস্তুত হয়ে উঠবে বাংলাদেশ। এই প্রস্তুতির প্রধান অংশ মূলত উচ্চতর প্রযুক্তি জ্ঞান ও গবেষণা সংক্রান্ত হওয়ায় বিশ্ববিদ্যালয়গুলোকে এ ব্যাপারে সময়োপযোগী পদক্ষেপ নিতে হবে। এক্ষেত্রে উচ্চশিক্ষা প্রতিষ্ঠান হিসেবে বিজ্ঞান ও প্রযুক্তি শিক্ষায় উৎকর্ষ, মানবিক মূল্যবোধসম্পন্ন, দক্ষ, মেধাবী, পরিশ্রমী গ্র্যাজুয়েট গড়ে তোলার পাশাপাশি উদ্ভাবন ও গবেষণাকর্মের মাধ্যমে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে অগ্রণী ভূমিকা পালন করবে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।

অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম
উপাচার্য
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়



# উপ-উপাচার্যের বাণী

অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল বাকী
উপ-উপাচার্য
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জাতির পিতা বঙ্গবন্ধুতনয়া মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে ২০০১ সালের ১৫ জুলাই মহান জাতীয় সংসদে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় আইন, ২০০১ পাস হয়। প্রতিষ্ঠার তেইশ ওঁ শিক্ষা কার্যক্রম শুরুর সতেরো বছর পার করেছে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (নোবিপ্রবি)। একটি পূর্ণাঙ্গ উচ্চশিক্ষা প্রতিষ্ঠান হিসেবে গড়ে ওঠার জন্য এ সময় যথেষ্ট নয়। তবে এ স্বল্প সময়েও দেশের উচ্চশিক্ষা কাঠামোয় একটি শক্ত ভিত নির্মাণে সক্ষম হয়েছে নোবিপ্রবি, যা এক সম্ভাবনাময় আগামীর জানান দিচ্ছে। সমসাময়িক তো বটেই, গুণগত শিক্ষা ও গবেষণায় বহু আগে প্রতিষ্ঠিত অনেক বিশ্ববিদ্যালয়কেও পেছনে ফেলে এগিয়ে যাচ্ছে আমাদের প্রিয় এ উচ্চশিক্ষালয়।

উচ্চশিক্ষা কার্যক্রমের পাশাপাশি বিশ্ববিদ্যালয় একটি সামাজিক প্রতিষ্ঠানও। এ দিক বিবেচনায় বৃহত্তর নোয়াখালী অঞ্চলের বিশাল এ জনপদের গর্বের এক প্রতিষ্ঠানে রূপ পেয়েছে নোবিপ্রবি। শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীর পাশাপাশি এখানকার স্থানীয় জনগোষ্ঠী, রাজনৈতিক নেতৃবৃন্দ ও প্রশাসন বিশ্ববিদ্যালয়ের উন্নয়নে সক্রিয় ভূমিকা রাখছে, যা আমাদের আনন্দিত ও কৃতজ্ঞতাপাশে আবদ্ধ করে।

যেকোনো প্রতিষ্ঠানের উন্নয়ন টেকসই ও সর্বজনীন হয়ে উঠতে পারে শৃঙ্খলা ও সুশাসনের মাধ্যমে। নোবিপ্রবি এজন্য উন্নয়ন কার্যক্রমসহ বিশ্ববিদ্যালয়ের সার্বিক কর্মকাণ্ডের ক্ষেত্রে শৃঙ্খলা ও সুশাসনের ওপর সর্বোচ্চ জোর দিচ্ছে। এই উচ্চশিক্ষা প্রতিষ্ঠানটি আইন, বিধি-সংবিধি ও নীতি অনুযায়ী পরিচালনার ক্ষেত্রে এর অভ্যন্তরীণ ও বহিস্থ অংশীজনদের সহযোগিতায় এগিয়ে যাচ্ছে। বিশেষ করে শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের ভূমিকা এক্ষেত্রে স্মরণীয়। প্রত্যেকের নিজের কাজটি সঠিকভাবে সম্পন্ন করার মাধ্যমে সমষ্টির সম্মিলনেই এগিয়ে যাচ্ছে আমাদের প্রিয় প্রতিষ্ঠানটি।

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সব ধরনের কার্যক্রম পরিচালনায় আইন, বিধি-সংবিধি, নীতিমালার পাশাপাশি শিক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের (ইউজিসি) নির্দেশনা অনুসৃত হয়। ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) মূল্যায়নে এ যাবৎকালের সর্বোচ্চ ৭৭ দশমিক ২৬ স্কোর পেয়ে আগের বছরের তুলনায় ১৩ ধাপ এগিয়েছে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়। দেশের ৪৬টি পাবলিক বিশ্ববিদ্যালয়ের মধ্যে বর্তমানে সাধারণ বিশ্ববিদ্যালয় ক্যাটাগরিতে ২২তম ও বিজ্ঞান প্রযুক্তিতে পঞ্চম অবস্থানে রয়েছে নোবিপ্রবি।

বার্ষিক প্রতিবেদন প্রণয়নের মাধ্যমে আমরা নিজেদের কার্যক্রমের একটি সম্মিলিত উপস্থাপনা দেখার সুযোগ পাই। এর মাধ্যমে একদিকে যেমন নিজেদের কার্য মূল্যায়নের সুযোগ মেলে, অন্যদিকে প্রতিবেদনে উঠে আসা তথ্যভাণ্ডারের নির্যাস টেকসই উন্নয়ন পরিকল্পনা গ্রহণকে সহজতর করে। আলোচ্য বার্ষিক প্রতিবেদনে ২০১৮ সালের জুলাই থেকে ২০২৩ সালের জুন পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের পাঠদান, গবেষণা, প্রশাসনিক ও অবকাঠামোসহ সার্বিক কার্যক্রমের তথ্য তুলে ধরা হয়েছে। এসব তথ্য প্রণয়ন, সংগ্রহ, পরিমার্জন ও সম্পাদনায় যারা অবদান রেখেছেন, সবাইকে অভিনন্দন ও শুভেচ্ছা জানাচ্ছি। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।

অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল বাকী



# কোষাধ্যক্ষের বাণী

অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর
কোষাধ্যক্ষ
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবেলায় এর প্রথম বর্ষেই যুগান্তকারী এক পদক্ষেপ নেন তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনা। উন্নত বাংলাদেশ গঠনের লক্ষ্যে বঙ্গবন্ধু কন্যার বিশেষায়িত বিশ্ববিদ্যালয় গড়ে তোলার উদ্ভাবনী ধারণার অংশ হিসেবে ওই সময় মহান জাতীয় সংসদে দেশের বিভিন্ন অঞ্চলে দশটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার আইন পাস হয়। ওই দশটি উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের একটি নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (নোবিপ্রবি)। ২০০১ সালের ১৫ জুলাই বৃহত্তর নোয়াখালী অঞ্চলের প্রথম উচ্চশিক্ষা প্রতিষ্ঠান হিসেবে এটি প্রতিষ্ঠা পায়।

২০০৯ সালে প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনার নেতৃত্বাধীন সরকার ক্ষমতায় আসার পর নোবিপ্রবির একাডেমিক, প্রশাসনিক ও অবকাঠামো খাতে অভূতপূর্ব উন্নয়ন সাধিত হয়েছে। বিশেষ করে গুণগত গবেষণায় বিভিন্ন ধরনের অত্যাধুনিক ল্যাব গড়ে তোলা হয়েছে। গবেষণা খাতে অনুদান ও বরাদ্দ বাড়ানো হয়েছে কয়েক গুণ। বিভিন্ন আন্তর্জাতিক জার্নালে শিক্ষক-শিক্ষার্থীদের গুণগত প্রকাশনা বৃদ্ধি পাওয়ায় বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন নোবিপ্রবির গবেষণা বরাদ্দ প্রতি অর্থবছরেই উল্লেখযোগ্য হারে বাড়াচ্ছে।

মানসম্মত শিক্ষা নিশ্চিতের সুফল হিসেবে নোবিপ্রবি'র গ্র্যাজুয়েটরা কর্মজীবনে সফলতার স্বাক্ষর রাখছে ও বিশ্ববিদ্যালয়ের মুখ উজ্জ্বল করছে। দেশের অভ্যন্তরে সিভিল সার্ভিস ও বিশ্ববিদ্যালয়ে অধ্যাপনাসহ সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের পাশাপাশি বৈশ্বিক প্রতিযোগিতামূলক কর্মবাজারেও জায়গা করে নিচ্ছে আমাদের প্রাক্তনরা। মাইক্রোসফট ও আইবিএমসহ আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন বিভিন্ন প্রতিষ্ঠানে কৃতিত্বের সঙ্গে কাজ করছেন তারা। পাশাপাশি এখানকার অনেক শিক্ষার্থী যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, কানাডা, জাপান, অস্ট্রেলিয়াসহ উন্নত বিশ্বের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে উচ্চতর পড়ালেখা ও গবেষণা কার্যক্রমে নিযুক্ত রয়েছে।

বার্ষিক প্রতিবেদনে আলোচ্য শিক্ষাবর্ষগুলোর একটি উল্লেখযোগ্য সময় করোনাভাইরাসের প্রাদুর্ভাব ছিল। ওই দুঃসময়ে নোবিপ্রবিতে করোনা ল্যাব প্রতিষ্ঠা করে বৃহত্তর নোয়াখালীসহ আশপাশের এলাকাগুলোর বিশাল জনগোষ্ঠীর প্রায় এক লাখ কোভিড স্যাম্পল পরীক্ষা করা হয়, যা সর্বমহলে প্রশংসিত হয়েছে। এছাড়া দেশে প্রথমবারের মতো সুয়ারেজের ওয়েস্ট ওয়াটারে যে করোনাভাইরাসের উপস্থিতি রয়েছে, সে চিত্র উঠে আসে নোবিপ্রবির গবেষণায়।

বর্তমান উপাচার্যের নেতৃত্বে গুণগত উচ্চশিক্ষা নিশ্চিতকরণে নানা পদক্ষেপ নেয়া হয়েছে। তিনি দ্বিতীয় মেয়াদে উপাচার্য হিসেবে নিয়োগ পেয়ে বিশ্ববিদ্যালয়ের নেতৃত্ব দিচ্ছেন। সামনের দিনে মাননীয় উপাচার্যের তত্ত্বাবধানে আমাদের সবার প্রচেষ্টায় নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় উত্তরোত্তর সমৃদ্ধি অর্জন করবে, সেটাই প্রত্যাশা।

বার্ষিক প্রতিবেদনে বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রমের বিস্তারিত বর্ণনা সন্নিবেশিত হয়। এর মাধ্যমে আমরা বিশ্ববিদ্যালয়ের সার্বিক কার্যক্রম এক পাটাতনে দেখার সুযোগ পাই। বিশ্ববিদ্যালয় নীতি ও পরিকল্পনা প্রণয়নের ক্ষেত্রে এ প্রতিবেদন ভূমিকা রাখবে বলে আশাবাদ ব্যক্ত করছি। বার্ষিক প্রতিবেদন প্রণয়ন, সম্পাদনা ও মুদ্রণের সঙ্গে জড়িত সবাইকে অভিনন্দন ও শুভেচ্ছা। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।

অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর



# সম্পাদকীয়

অধ্যাপক ড. গাজী মোঃ মহসিন
পরিচালক (ভারপ্রাপ্ত), জনসংযোগ ও প্রকাশনা দফতর
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় আইন, ২০০১-এর ৪৮ ধারায় প্রতি শিক্ষাবর্ষে বার্ষিক প্রতিবেদন প্রকাশের নির্দেশনা রয়েছে। যদিও করোনাকালীন স্থবিরতা ও জনবল সংকটসহ নানাবিধ সীমাবদ্ধতায় গত কয়েক বছর বার্ষিক প্রতিবেদন প্রকাশ সম্ভব হয়নি। ২০১৮ সালের জুলাইয়ে প্রকাশিত প্রথম বার্ষিক প্রতিবেদনে বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রমের প্রারম্ভিককাল তথা ২০০৬ সালের জুন থেকে ২০১৮ সালের জুন পর্যন্ত সম্পাদিত কর্মকাণ্ডের তথ্যাদি তুলে ধরা হয়। বর্তমান সংখ্যায় অর্থাৎ দ্বিতীয় বার্ষিক প্রতিবেদনে ২০১৮ সালের জুলাই থেকে ২০২৩ সালের জুনের মধ্যে পরিচালিত, অনুষ্ঠিত ও সম্পাদিত বিভিন্ন একাডেমিক, প্রশাসনিক, অবকাঠামো উন্নয়ন, সামাজিক ও সাংস্কৃতিক কার্যক্রমের তথ্য সন্নিবেশিত হয়েছে। বিশেষ করে শিক্ষক-শিক্ষার্থীদের গবেষণা ও প্রকাশনার তথ্যগুলোর বিস্তারিত উল্লেখ রয়েছে। পাশাপাশি এ প্রতিবেদনে কিছু বাছাইকৃত আলোকচিত্র প্রকাশ করা হয়েছে। এ বছর প্রতিবেদনটি পুস্তকাকারে মুদ্রণের পাশাপাশি এর সফট কপি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

বার্ষিক প্রতিবেদনে বিশ্ববিদ্যালয়ের অনুষদ, ইনস্টিটিউট, বিভাগ, আবাসিক হল, দফতর, সেল ও শাখাগুলোর যাবতীয় কর্মকাণ্ডের সম্মিলিত চিত্র তুলে ধরা হয়। ভবিষ্যতের জন্য বিশ্ববিদ্যালয়-সংশ্লিষ্ট বিভিন্ন গবেষণা-উপাত্তের উৎস এবং প্রশাসনিক সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে এ বিবরণী অত্যন্ত মূল্যবান দলিল বলে বিবেচিত হবে। প্রয়োজনীয়তা বিবেচনায় ও আইনি নির্দেশনা বাস্তবায়নে এখন থেকে প্রতি শিক্ষাবর্ষের বার্ষিক প্রতিবেদন নিয়মিত প্রকাশের বিষয়ে দৃঢ় আশাবাদ ব্যক্ত করছি।

বার্ষিক প্রতিবেদনে প্রকাশিত তথ্যগুলো সংগ্রহ করতে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদ, ইনস্টিটিউট, বিভাগ, আবাসিক হল, দফতর, সেল ও শাখাগুলোর কাছ থেকে তথ্য আহ্বান করে চিঠি দেয়া হয়। এক্ষেত্রে একটি নির্ধারিত ছক অনুসরণের নির্দেশনা দেয়া হয়। সে আলোকে বেশির ভাগ অংশীজন নির্ধারিত সময়ে আমাদের তথ্য প্রদান করেছেন, আপনাদের আন্তরিক ধন্যবাদ জানাই। এ বিষয়ে সামনের দিনেও আপনাদের স্বতঃস্ফূর্ত ও আন্তরিক সহযোগিতা প্রত্যাশা করি।

বার্ষিক প্রতিবেদন প্রকাশের ক্ষেত্রে দিকনির্দেশনা প্রদান করায় বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলমকে কৃতজ্ঞতা জানাই। সার্বিক তত্ত্বাবধানের জন্য আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি মাননীয় উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল বাকী ও মাননীয় কোষাধ্যক্ষ অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুরকে। তথ্য প্রদানের কাজে আন্তরিত সহযোগিতা প্রদান করায় বিভিন্ন অনুষদের ডিন, ইনস্টিটিউট পরিচালক ও বিভাগের চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সব শিক্ষক ও কর্মকর্তাকে ধন্যবাদ জানাই। নানাবিধ ব্যস্ততার মধ্যেও বার্ষিক বিবরণীর পাণ্ডুলিপি সম্পাদনা ও যথাসময়ে এর মুদ্রণকাজ সম্পন্ন করার জন্য সম্পাদনা পরিষদের সম্মানিত সদস্যবৃন্দ এবং সার্বিক কার্যক্রমে কঠোর পরিশ্রম করায় জনসংযোগ ও প্রকাশনা দফতরের সহকর্মীদের বিশেষভাবে অভিনন্দন, ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাই। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।

অধ্যাপক ড. গাজী মোঃ মহসিন

# সম্পাদনা পরিষদ

আহ্বায়ক
**অধ্যাপক ড. গাজী মোঃ মহসিন**
পরিচালক (ভারপ্রাপ্ত), জনসংযোগ ও প্রকাশনা দফতর

সদস্য
**অধ্যাপক ড. মোহাম্মদ আনোয়ার হোসেন**
ডিন, সামাজিক বিজ্ঞান ও মানবিক অনুষদ

**দেবাশীষময় দত্ত**
সহকারী অধ্যাপক, ইংরেজি বিভাগ

**সাহানা রহমান**
সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ

**তন্ময় দে**
সহকারী অধ্যাপক, ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমস বিভাগ

**লিজা তেরেজা রোজারিও**
সহকারী অধ্যাপক, বায়োকেমিস্ট্রি এন্ড মলিকুলার বায়োলজি বিভাগ

**সাখাওয়াত হোসেন**
উপ-পরিচালক (হিসাব), হিসাব পরিচালকের দফতর

**মোহাম্মদ আবদুর রহমান**
উপ-রেজিস্ট্রার, সংস্থাপন শাখা, রেজিস্ট্রার দফতর

**খালেদ মেহেদী হাসান**
উপ-রেজিস্ট্রার, উপাচার্য দফতর

**রায়হান কায়সার হাশেম**
সহকারী রেজিস্ট্রার, জনসংযোগ ও প্রকাশনা দফতর

**মোঃ সাইফুল ইসলাম**
প্রকাশনা ও তথ্য কর্মকর্তা, জনসংযোগ ও প্রকাশনা দফতর

সদস্য সচিব
**মোহাম্মদ তামজিদ হোছাইন চৌধুরী**
উপ-পরিচালক (অ.দা.), জনসংযোগ ও প্রকাশনা দফতর

# সূচি


| ক্রমিক নং | বিবরণ | পৃষ্ঠা |
|---|---|---|
| ০১ | **নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় পরিচিতি** | ১৫ |
| ০২ | **বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কর্তৃপক্ষ** | ১৯ |
| ০৩ | রিজেন্ট বোর্ড | ১৯ |
| ০৪ | একাডেমিক কাউন্সিল | ২০ |
| ০৫ | অর্থ কমিটি | ২২ |
| ০৬ | পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কস কমিটি (প্রস্তাবিত) | ২২ |
| ০৭ | লাইব্রেরি কমিটি | ২৩ |
| ০৮ | যৌন নিপীড়ন প্রতিরোধ কমিটি | ২৩ |
| ০৯ | শৃঙ্খলা বোর্ড | ২৪ |
| ১০ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) কমিটি | ২৪ |
| ১১ | **অনুষদ ও বিভাগ** | |
| ১২ | **ক. প্রকৌশল ও প্রযুক্তি অনুষদ** | ২৫ |
| ১৩ | (১) কম্পিউটার সায়েন্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগ | ২৬ |
| ১৪ | (২) এপ্লায়েড কেমিস্ট্রি এন্ড কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ | ৩৩ |
| ১৫ | (৩) ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগ | ৫১ |
| ১৬ | (৪) ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগ | ৬৩ |
| ১৭ | **খ. বিজ্ঞান অনুষদ** | ৬৬ |
| ১৮ | (১) ফিশারিজ এন্ড মেরিন সায়েন্স বিভাগ | ৬৭ |
| ১৯ | (২) ফার্মেসী বিভাগ | ৮৪ |
| ২০ | (৩) মাইক্রোবায়োলজী বিভাগ | ১০০ |
| ২১ | (৪) এপ্লায়েড ম্যাথমেটিক্স বিভাগ | ১১৩ |
| ২২ | (৫) ফুড টেকনোলজি এন্ড নিউট্রিশন সায়েন্স বিভাগ | ১২০ |
| ২৩ | (৬) এনভায়রনমেন্টাল সায়েন্স এন্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট বিভাগ | ১২৭ |
| ২৪ | (৭) বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিভাগ | ১৩৭ |
| ২৫ | (৮) এগ্রিকালচার বিভাগ | ১৪৪ |
| ২৬ | (৯) পরিসংখ্যান বিভাগ | ১৫০ |
| ২৭ | (১০) ওশানোগ্রাফি বিভাগ | ১৫৭ |
| ২৮ | (১১) বায়োকেমিস্ট্রি এন্ড মলিকুলার বায়োলজি বিভাগ | ১৬৮ |
| ২৯ | (১২) প্রাণিবিদ্যা বিভাগ | ১৭৭ |
| ৩০ | (১৩) পদার্থ বিজ্ঞান বিভাগ | ১৭৯ |
| ৩১ | (১৪) রসায়ন বিভাগ | ১৮২ |
| ৩২ | (১৫) মৃত্তিকা, পানি ও পরিবেশ বিজ্ঞান বিভাগ | ১৮৭ |
| ৩৩ | **গ. সামাজিক বিজ্ঞান ও মানবিক অনুষদ** | ১৮৮ |
| ৩৪ | (১) ইংরেজি বিভাগ | ১৮৯ |
| ৩৫ | (২) অর্থনীতি বিভাগ | ১৯২ |
| ৩৬ | (৩) বাংলাদেশ ও মুক্তিযুদ্ধ স্টাডিজ বিভাগ | ১৯৭ |
| ৩৭ | (৪) বাংলা বিভাগ | ২০১ |
| ৩৮ | (৫) সমাজবিজ্ঞান বিভাগ | ২০৮ |
| ৩৯ | (৬) সমাজকর্ম বিভাগ | ২১২ |
| ৪০ | **ঘ. ব্যবসায় শিক্ষা অনুষদ** | ২১৪ |
| ৪১ | (১) বিজনেস এডমিনিস্ট্রেশন বিভাগ | ২১৫ |
| ৪২ | (২) ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগ | ২১৮ |
| ৪৩ | (৩) ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমস্ | ২২২ |
| ৪৪ | **ঙ. শিক্ষা বিজ্ঞান অনুষদ** | ২২৮ |
| ৪৫ | (১) শিক্ষা বিভাগ | ২২৯ |
| ৪৬ | (২) শিক্ষা প্রশাসন বিভাগ | ২৩৪ |

| ক্রমিক নং | বিবরণ | পৃষ্ঠা |
|---|---|---|
| ৪৭ | **চ. আইন অনুষদ** | ২৪০ |
| ৪৮ | (১) আইন বিভাগ | ২৪১ |
| ৪৯ | **ইনস্টিটিউট** | |
| ৫০ | (১) ইনস্টিটিউট অব ইনফরমেশন সায়েন্সেস | ২৪৪ |
| ৫১ | (২) ইনস্টিটিউট অব ইনফরমেশন টেকনোলজি | ২৫০ |
| ৫২ | **দফতর/শাখা** | |
| ৫৩ | উপাচার্য দফতর | ২৫৫ |
| ৫৪ | অডিট সেল | ২৫৭ |
| ৫৫ | ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল | ২৬০ |
| ৫৬ | রিসার্চ সেল | ২৬১ |
| ৫৭ | উপ-উপাচার্য দফতর | ২৬৩ |
| ৫৮ | কোষাধ্যক্ষের দফতর | ২৬৪ |
| ৫৯ | রেজিস্ট্রার দফতর | ২৬৫ |
| ৬০ | ব্যক্তিগত শাখা | ২৬৬ |
| ৬১ | শিক্ষা শাখা | ২৬৮ |
| ৬২ | সংস্থাপন (শিক্ষক) | ২৬৯ |
| ৬৩ | সংস্থাপন শাখা (কর্মকর্তা-কর্মচারী) | ২৭০ |
| ৬৪ | প্রশাসন শাখা | ২৭৩ |
| ৬৫ | কাউন্সিল শাখা | ২৭৪ |
| ৬৬ | এস্টেট অ্যান্ড হাউজিং শাখা | ২৭৫ |
| ৬৭ | পরিবহন পুল | ২৭৬ |
| ৭০ | নিরাপত্তা শাখা | ২৭৭ |
| ৭১ | কেন্দ্রীয় স্টোর | ২৭৮ |
| ৭২ | কেন্দ্রীয় প্রেরণ শাখা | ২৭৯ |
| ৭৩ | কেন্দ্রীয় মসজিদ | ২৭৯ |
| ৭৪ | ঢাকাস্থ গেস্ট হাউজ | ২৮০ |
| ৭৫ | ভিআইপি গেস্ট হাউজ | ২৮১ |
| ৭৬ | আইন শাখা | ২৮২ |
| ৭৭ | কেন্দ্রীয় লাইব্রেরি | ২৮৩ |
| ৭৮ | হিসাব পরিচালকের দফতর | ২৮৬ |
| ৭৯ | পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কস দফতর | ২৮৯ |
| ৮০ | পরীক্ষা নিয়ন্ত্রকের দফতর | ২৯২ |
| ৮১ | মেডিকেল সেন্টার | ২৯৪ |
| ৮২ | জনসংযোগ ও প্রকাশনা দফতর | ২৯৭ |
| ৮৩ | শরীরচর্চা শিক্ষা বিভাগ | ২৯৮ |
| ৮৪ | ছাত্র পরামর্শ ও নির্দেশনা অফিস | ৩০০ |
| ৮৫ | সাইবার সেন্টার | ৩০২ |
| ৮৬ | আইসিটি সেল | ৩০৩ |
| ৮৭ | প্রক্টর অফিস | ৩০৭ |
| ৮৮ | আবাসিক হল | ৩০৯ |
| ৮৯ | ভাষা শহীদ আবদুস সালাম হল | ৩০৯ |
| ৯০ | হযরত বিবি খাদিজা হল | ৩১০ |
| ৯১ | বীর মুক্তিযোদ্ধা আবদুল মালেক উকিল হল | ৩১১ |
| ৯২ | বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেসা মুজিব হল | ৩১২ |
| ৯৩ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল | ৩১৩ |
| ৯৪ | ইন্টারন্যাশনাল কো-অপারেশন ও কোলাবরেশন সেন্টার | ৩১৫ |
| ৯৫ | বিএনসিসি | ৩১৭ |
| ৯৬ | রোভার স্কাউট | ৩১৯ |
| ৯৭ | আলোকচিত্রে নোবিপ্রবি | ৩২১ |

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
Noakhali Science and Technology University : NSTU
নোয়াখালী-৩৮১৪
Phone : 880-321-62812
Fax : 880-321-62788
Mobile : 880-01733998894
E-mail : pronstu@gmail.com
Website : www.nstu.edu.bd
জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
শিক্ষা নিয়ে গড়বো দেশ শেখ হাসিনার বাংলাদেশ

[২.২] তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ

২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্ম সম্পাদন চুক্তির তথ্য অধিকার বিষয়ক কর্মপরিকল্পনা মোতাবেক তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ বিষয়ক ২টি কর্মসূচি পালন করা হয়। এরমধ্যে ১ম কোয়ার্টারে গত ২৮ সেপ্টেম্বর ২০২৩ তারিখে আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস উদযাপন করা হয় এবং ৪র্থ কোয়ার্টারে তথ্য অধিকার সচেতনতায় ডিজিটাল পোস্টার কর্মসূচি পালন করা হয়।

প্রফেসর ড. গাজী মোঃ মহসিন
পরিচালক (ভারপ্রাপ্ত)
ফোকাল পয়েন্ট, আরটিআই

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
Noakhali Science and Technology University - NSTU
নোয়াখালী-৩৮১৪
Phone : 880-321-62812
Fax : 880-321-62788
Mobile : 880-01733998894
E-mail : pronstu@gmail.com
Website : www.nstu.edu.bd
জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

শিক্ষা নিয়ে গড়বো দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

নোবিপ্রবি/জনওপ্রকা/চিঠি/২০২৩/১৬৭৬

২৪ সেপ্টেম্বর ২০২৩

**বিষয়: আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস উপলক্ষে অনুষ্ঠিতব্য শোভাযাত্রায় অংশগ্রহণ প্রসঙ্গ।**

ইউনেস্কোর সাধারণ সম্মেলনে স্বীকৃতি পাওয়ার পর থেকে প্রতি বছর ২৮ সেপ্টেম্বর আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস হিসেবে পালিত হয়। সম্প্রতি বছরগুলোয় নোবিপ্রবিতেও দিবসটি উদযাপন করা হয়েছে। এরই ধারাবাহিকতায় এবারও আগামী ২৮ সেপ্টেম্বর ২০২৩ দিবসটি উদযাপনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এ উপলক্ষে আগামী ২৮ সেপ্টেম্বর ২০২৩ বেলা ১২টা ৩০ মিনিটে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবন প্রাঙ্গণে 'জয় বাংলা' ভাস্কর্যের পাদদেশ থেকে একটি শোভাযাত্রা বের করা হবে।

উক্ত শোভাযাত্রায় অংশগ্রহণের জন্য শিক্ষক-শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীদের অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে

প্রফেসর ড. গাজী মো: মহসিন
পরিচালক (ভারপ্রাপ্ত)
জনসংযোগ ও প্রকাশনা দপ্তর ও
ফোকাল পয়েন্ট, আরটিআই
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

নোবিপ্রবি/জনওপ্রকা/চিঠি/২০২৩/১৬৭৬

২৪ সেপ্টেম্বর ২০২৩

অনুলিপি:

১. উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, নোবিপ্রবি
২. উপ-উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, নোবিপ্রবি
৩. কোষাধ্যক্ষ মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নোবিপ্রবি
৪. শাখা কর্মকর্তা, ব্যক্তিগত শাখা, রেজিস্ট্রার মহোদয়ের দপ্তর, নোবিপ্রবি
৫. ডিনবৃন্দ
৬. পরিচালকগণ
৭. চেয়ারম্যানবৃন্দ
৮. দপ্তর প্রধানগণ
৯. নথি
১০. মহানথি

মোঃ সাইফুল ইসলাম
প্রকাশনা ও তথ্য কর্মকর্তা
জনসংযোগ ও প্রকাশনা দপ্তর ও
বিকল্প ফোকাল পয়েন্ট, আরটিআই
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
Noakhali Science and Technology University : NSTU
নোয়াখালী-৩৮১৪
Phone : 880-321-62812
Fax : 880-321-62788
Mobile : 880-01733998894
E-mail : pronstu@gmail.com
Website : www.nstu.edu.bd
জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

শিক্ষা নিয়ে গড়বো দেশ শেখ হাসিনার বাংলাদেশ

নোবিপ্রবি/জনওপ্রকা/প্রেস রিলিজ/২০২৩/১৬৮০

২৮ সেপ্টেম্বর ২০২৩

সংবাদ বিজ্ঞপ্তি

## নোবিপ্রবিতে আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস পালিত

"তথ্যের অবাধ প্রবাহে ইন্টারনেটের গুরুত্ব"- এ প্রতিপাদ্যে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস ২০২৩ পালিত হয়েছে। এ উপলক্ষে বৃহস্পতিবার (২৮ সেপ্টেম্বর ২০২৩) বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সামনে থেকে একটি বর্ণাঢ্য শোভাযাত্রা বের করা হয়। এতে নেতৃত্ব দেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম।

এ সময় আরো উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল বাকী ও মাননীয় কোষাধ্যক্ষ অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর। শোভাযাত্রায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ অংশ নেন।

আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস উপলক্ষে মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম বলেন, অনিয়ম-দুর্নীতি বন্ধ ও সুশাসনের ক্ষেত্রে তথ্যের অধিকার নিশ্চিতকরণ খুবই গুরুত্বের দাবি রাখে। মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনা ২০০৯ সালে সরকার গঠনের পরপরই জাতীয় সংসদে তথ্য অধিকার আইন পাশ করেন। এ আইন বাস্তবায়নের মাধ্যমে তিনি প্রতিষ্ঠানগুলোতে জবাবদিহিতা নিশ্চিত করতে চেয়েছেন। আমাদের সকলের উচিৎ সে লক্ষ্য বাস্তবায়নে কাজ করা।

জাতিসংঘের শিক্ষা, বিজ্ঞান ও সংস্কৃতি বিষয়ক সংস্থা ইউনেস্কোর সাধারণ সম্মেলনে স্বীকৃতি পাওয়ার পর থেকে প্রতি বছর ২৮ সেপ্টেম্বর আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস হিসেবে পালিত হয়। এ বছর তথ্য কমিশন কর্তৃক বাংলাদেশে দিবসটির স্লোগান নির্ধারণ করা হয়েছে- "ইন্টারনেটে তথ্য পেলে জনমনে শান্তি মেলে"।

R. Kaiser

রায়হান কায়সার হাশেম
সহকারী রেজিস্ট্রার
জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

Bashundhara Paper
A4

TRUE AND IMPARTIAL
# daily sun
VOL. 13 No. 331 DHAKA | SATURDAY | 30 SEPTEMBER 2023 | 15 ASHWIN 1430 BS | 14 RABI-UL-AWWAL 1445 HIJRI www.daily-sun.com editor@daily-sun.com 12 PAGES | PRICE TK 10

WALTON
Smart Fridge
8-IN-1
কনভার্টিবল
waltonbd.com



PAGE NO 6
SHEIKH HASINA - FACE OF BANGLADESH, WRITES ABDUL MANNAN



PAGE NO 8
'DUSSHAHOSHI KHOKA' RELEASED IN 10 THEATRES



PAGE NO 9
SHAKIB AVAILABLE FOR BANGLADESH'S WORLD CUP OPENER




Teachers and students of Noakhali Science and Technology University bring out a procession led by the Vice-Chancellor Professor Dr Md Didar-ul-Alam on the university campus on Thursday, marking the International Right to Information Day-2023.

- DAILY SUN PHOTO

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
Noakhali Science and Technology University : NSTU
নোয়াখালী-৩৮১৪
Phone : 880-321-62812
Fax : 880-321-62788
Mobile : 880-01733998894
E-mail : pronstu@gmail.com
Website : www.nstu.edu.bd
জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
শিক্ষা নিয়ে গড়বো দেশ শেখ হাসিনার বাংলাদেশ

নোবিপ্রবি/জনওপ্রকা/চিঠি/২০২৪/১৮৪২ ২৩ জুন ২০২৪

**বিষয়: তথ্য অধিকার সচেতনতায় ডিজিটাল পোস্টার ই-মেইলে প্রেরণ ও ওয়েবসাইটে প্রকাশ প্রসঙ্গ।**

জনাব

উপর্যুক্ত বিষয়ে প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীসহ অংশীজনদের তথ্য অধিকার বিষয়ে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে জনসংযোগ ও প্রকাশনা দপ্তরের পক্ষ থেকে ডিজিটাল পোস্টার কর্মসূচি গ্রহণ করা হয়েছে। এ কর্মসূচির অংশ হিসেবে চিঠির সঙ্গে সংযুক্ত ডিজিটাল পোস্টারটি বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের ইনস্টিটিউশনাল ই-মেইলে প্রেরণ এবং বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে সকল অংশীজনের জন্য প্রকাশের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

এমতাবস্থায় এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

২৩/৬/২৪

অধ্যাপক ড. গাজী মোঃ মহসিন
পরিচালক (ভারপ্রাপ্ত) ও
ফোকাল পয়েন্ট, আরটিআই

প্রাপক:
জনাব এ আর এম মাহমুদুল হাসান রানা
পরিচালক (ভারপ্রাপ্ত), সাইবার সেন্টার, নোবিপ্রবি

নোবিপ্রবি/জনওপ্রকা/চিঠি/২০২৪/১৮৪২ ২৩ জুন ২০২৪

বিতরণ: (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়)
১। মাননীয় উপাচার্যের একান্ত সচিব, নোবিপ্রবি
২। শাখা কর্মকর্তা, উপ-উপাচার্য মহোদয়ের অফিস, নোবিপ্রবি
৩। কোষাধ্যক্ষ মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নোবিপ্রবি
৪। রেজিস্ট্রার মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নোবিপ্রবি
৫। নথি
৬। মহানথি

২৩-০৬-২৪

মোঃ সাইফুল ইসলাম
প্রকাশনা ও তথ্য কর্মকর্তা
বিকল্প ফোকাল পয়েন্ট, আরটিআই

# তথ্য প্রাপ্তি আপনার আইন দ্বারা স্বীকৃত অধিকার

## আপনি জানেন কি?

তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী আপনি কর্তৃপক্ষের বরাবরে তথ্য চেয়ে আবেদন করতে পারবেন

**তথ্যের প্রাপ্তির জন্য ভিজিট করুন** www.nstu.edu.bd

## তথ্য প্রাপ্তির পদ্ধতি

- তথ্য প্রাপ্তির জন্য নির্ধারিত ফরমে আবেদন করুন
- একাধিক ইউনিট/কর্তৃপক্ষ জড়িত না থাকলে ২০ (বিশ) কার্য দিবসের মধ্যে তথ্য পাবেন। অন্যথায় ৩০ (ত্রিশ) কার্য দিবসের মধ্যে পাবেন।
- ৩০ (ত্রিশ) কার্য দিবসের মধ্যে তথ্য না প্রদান করা হলে, পরবর্তী ৩০ (ত্রিশ) কার্য দিবসের মধ্যে ঊর্ধ্বতন কর্মকর্তার বরাবর আপীল করতে পারবেন।

**স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণে এ আইন যুগোপযোগী**

প্রচারে: জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

**নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়**

Phone: 02334496522 Fax:02334496523 registrar@office.nstu.edu.bd

Noakhali Science and Technology University

সিটিজেন চার্টার | বার্ষিক প্রতিবেদন (২০১৮-২০২৩)

NOC & GO | Apply for Institutional e-mail

Home Administration Academic Admission Offices Research Cell Rules and Regulations Miscellaneous Forms and Downloads

## তথ্য প্রাপ্তি আপনার আইন দ্বারা স্বীকৃত অধিকার

### আপনি জানেন কি?

তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী আপনি কর্তৃপক্ষের বরাবরে তথ্য চেয়ে আবেদন করতে পারবেন

তথ্যের প্রাপ্তির জন্য ভিজিট করুন www.nstu.edu.bd

### তথ্য প্রাপ্তির পদ্ধতি

- তথ্য প্রাপ্তির জন্য নির্ধারিত ফরমে আবেদন করুন
- একাধিক ইউনিট/কর্তৃপক্ষ জড়িত না থাকলে ২০ (বিশ) কার্য দিবসের মধ্যে তথ্য পাবেন। অন্যথায় ৩০ (ত্রিশ) কার্য দিবসের মধ্যে পাবেন।
- ৩০ (ত্রিশ) কার্য দিবসের মধ্যে তথ্য না প্রদান করা হলে, পরবর্তী ৩০ (ত্রিশ) কার্য দিবসের মধ্যে উর্ধ্বতন কর্মকর্তার বরাবর আপীল করতে পারবেন।

স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণে এ আইন যুগোপযোগী

প্রচারে: জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়